

তারিখঃ ৩০-০৪-২০২৫ (পৃঃ ০৬)

রপ্তানিযোগ্য ফসল কাটা উৎসব

গোপালগঞ্জ প্রতিনিধি : গোপালগঞ্জ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত রপ্তানিযোগ্য প্রিমিয়াম কোয়ালিটির বাসমতি চালের জাত বিধান ১০৪-এর ফসল কাটা উৎসব ও মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। সদর উপজেলার বোড়াশী গ্রামে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগিতায় বি গোপালগঞ্জ আঞ্চলিক কার্যালয়ে মঙ্গলবার এ অনুষ্ঠানের আয়োজন করে। এতে প্রধান অতিথির বক্তব্য দেন বি গোপালগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. আমিনা খাতুন।